



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

প্রশাসন অধিশাখা

নিশ্চিত করি শোভন কর্মপরিবেশ,
গড়ে তুলি স্মার্ট বাংলাদেশ

শ্রম ভবন, ১৯৬ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি, বিজয়নগর,
ঢাকা-১০০০।

www.dife.gov.bd

১১ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.১০১.০২.০০১.২২.১৯৭৩

বিষয়: প্রাক্তন সহকারী মহাপরিদর্শক (সাধারণ) জনাব মোঃ বেলায়েত হোসেন- এর দাবীবৃত্ত বকেয়া ১২ (বার) মাসের বেতনভাতা ও ১৮ (আঠার) মাসের লাম্পগ্রান্ট উত্তোলনের মঞ্জুরি প্রসঙ্গে।

সূত্র: প্রাক্তন সহকারী মহাপরিদর্শক (সাধারণ) জনাব মোঃ বেলায়েত হোসেন- এর ০৮-১০-২০২৩ তারিখের আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের ১৮-০৯-২০২৩ তারিখের ৪০.০১০.৩৮.০১.০০.০৮২.২০১০-৩৩২ নং প্রজ্ঞাপন মোতাবেক কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়-এর প্রাক্তন সহকারী মহাপরিদর্শক (সাধারণ) জনাব মোঃ বেলায়েত হোসেন-কে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এবং সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৪৩(১)(ক) অনুযায়ী ০৫-০৬-২০১৭ হতে ০৪-০৬-২০১৮ তারিখ পর্যন্ত ০১ (এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উত্তর ছুটি সুবিধা এবং প্রাপ্তি সাপেক্ষে ছুটি নগদায়নের বিনিময়ে ১৮ (আঠার) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্রান্ট হিসাবে প্রদানের প্রশাসনিক মঞ্জুরি আদেশ জারী করা হয় (পরিশিষ্ট-০১)। তৎপ্রেক্ষিতে তিনি ০৮-১০-২০২৩ তারিখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের মহাপরিদর্শক বরাবর নিম্নোক্ত বকেয়া ১২ (বার) মাসের বেতনভাতা ও ১৮ (আঠার) মাসের লাম্পগ্রান্ট উত্তোলনের নিমিত্ত আবেদন করেন (পরিশিষ্ট-০২)।

ক) ০৫-০৬-২০১৭ হতে ০৪-০৬-২০১৮ তারিখ পর্যন্ত বেতন ও ভাতা : ৮,৩৯,৯৪০/-

খ) উৎসব ভাতা ২০১৭ : ৯০,৬৬০/-

গ) বৈশাখী ভাতা ২০১৭ : ৯০৬৬/-

ঘ) লাম্পগ্রান্ট : ৮,১৫,৯৪০/-

ঙ) আবগারি শুল্ক বাবদ চালান : ১০৮০/-

০২। উল্লেখ্য যে, প্রাক্তন সহকারী মহাপরিদর্শক (সাধারণ) জনাব মোঃ বেলায়েত হোসেন- কে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সংস্থাপন-১ শাখার ০৫-০৪-২০২৩ তারিখের ৪০.০১০.৩৮.০১.০০.০৮২.২০১০(অংশ-৩)-১১৭ স্মারক মোতাবেক ভূতাপেক্ষভাবে চাকরিতে পুনর্বহাল করা হয় (পরিশিষ্ট-০৩)। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়-এর অর্থ ও হিসাব শাখা কর্তৃক ০২-১১-২০২৩ তারিখের ৪০.০১.০০০০.১০১.০২.০০১.২২.১৯১ নং স্মারকে জনাব মোঃ বেলায়েত হোসেন-এর দাবীবৃত্ত বকেয়া ১২ (বার) মাসের বেতনভাতা ও ১৮ (আঠার) মাসের লাম্পগ্রান্ট উত্তোলনের প্রয়োজনীয় কাগজাদি পর্যালোচনা করে এই মর্মে প্রত্যয়ন করা হয় যে, তিনি ইতোপূর্বে উক্ত পাওনাদি গ্রহণ করেননি এবং তাঁর দাবীবৃত্ত পাওনাদির বিল হিসাব সহকারী কর্তৃক যাচাই-বাছাইপূর্বক সঠিক মর্মে প্রতীয়মান হয়েছে (পরিশিষ্ট-০৪)।

০৩। বর্ণিতাবস্থায়, জনাব মোঃ বেলায়েত হোসেন কর্তৃক দাখিলকৃত আবেদনের-এর সঠিকতা অর্থ ও হিসাব শাখা হতে যাচাই-বাছাইপূর্বক প্রত্যয়িত হওয়ায় তাকে উল্লিখিত দাবীবৃত্ত বকেয়া বেতন বাবদ ৯,৩৯,৬৬৬/- (নয় লক্ষ ঊনচল্লিশ হাজার ছয়শত ছেষট্টি) টাকা এবং লাম্পগ্রান্ট বাবদ ৮,১৫,৯৪০/- (আট লক্ষ পনের হাজার নয়শত চল্লিশ) টাকা অর্থাৎ মোট ১৭,৫৫,৬০৬/- (সতের লক্ষ পঞ্চাশ হাজার ছয়শত ছয়) টাকা অত্র দপ্তরের ২০২৩-২০২৪ অর্থবছরের সংশ্লিষ্ট খাত হতে প্রদানের নিমিত্ত পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল।

সংযুক্তিঃ বর্ণনামতে ১১ (এগার) পাতা।



২৬-১১-২০২৩

মোঃ বুলবুল আহমেদ

যুগ্ম মহাপরিদর্শক

+৮৮-০২-২২৬৬৬৪২০৬ (ফোন)

- (ফ্যাক্স)

jig.admin@dife.gov.bd

চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

স্মারক নম্বর:

১১ অগ্রহাষণ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২৬ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। যুগ্ম মহাপরিদর্শক, অর্থ ও পরিকল্পনা অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ২। জনাব মোঃ বেলায়েত হোসেন, প্রাক্তন সহকারী মহাপরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
- ৩। সহকারী মহাপরিদর্শক (স্টাফ অফিসার টু মহাপরিদর্শক), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। শ্রম পরিদর্শক (সাধারণ), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ) এবং
- ৫। অফিস কপি।



২৬-১১-২০২৩

মোঃ বুলবুল আহমেদ

যুগ্ম মহাপরিদর্শক